

বৃত্তি

উপবৃত্তি, টিউশন ফি বিতরণ করলেন প্রধানমন্ত্রী, শিক্ষার্থীরা পাবেন ২ হাজার ২২৮ কোটি টাকা

বাসস ঢাকা



ছবি: বাসস

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাধ্যমিক থেকে স্নাতক (পাস) এবং সমমানের অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী আজ সোমবার সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের (পিএমইএটি) অধীনে অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের মধ্যে এই উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন।

শেখ হাসিনা বলেন, স্টাইপেন্ড ও টিউশন ফির টাকা ডিজিটাল পদ্ধতিতে সরাসরি সুবিধাভোগীদের কাছে পৌঁছে যাবে। তিনি বলেন, ‘ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে মেধাবী শিক্ষার্থীদের মধ্যে স্টাইপেন্ড ও টিউশন ফি বাবদ অর্থ বিতরণ করতে পেরে আমি খুবই আনন্দিত।’

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক ও সমমানের ৬৪ লাখ ৭০ হাজার শিক্ষার্থীর মধ্যে সর্বমোট ২ হাজার ২২৮ কোটি টাকা বিতরণ করা হবে।



ছবি: বাসস

একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ‘বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ’ প্রতিযোগিতা-২০২৪-এর ১৫ জন শিক্ষার্থী ও ২১ শিক্ষার্থীর মধ্যে ২০২৩ সালের ‘বঙ্গবন্ধু শেখ মুজিব স্কার অ্যাওয়ার্ড’ বিতরণ করেন। ‘বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ’ প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ১৫ শিক্ষার্থীর প্রত্যেকে দুই লাখ টাকা ও একটি সনদপত্র পেয়েছেন। এ ছাড়া ‘বঙ্গবন্ধু শেখ মুজিব স্কার অ্যাওয়ার্ড’প্রাপ্ত ২১ শিক্ষার্থীর প্রত্যেকেই একটি সনদপত্র ও তিন লাখ টাকা করে পেয়েছেন।



ছবি: বাসস



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো